# ধর্মীয় সম্প্রীতি রক্ষায় সবাইকে সতর্ক থাকার আহ্বান রিজভীর



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশের ধর্মীয় সম্প্রীতি বিনষ্ট করতে বিভিন্ন সময় নানা অপশক্তি ও চক্রান্তকারী তৎপর ছিল বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সকালে রাজধানীর জিয়া উদ্যানে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান কল্যাণ ট্রাস্টের সদস্যদের সঙ্গে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর পর তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, নানা ষড়যন্ত্র ও অপচেষ্টা সত্ত্বেও দেশের মানুষের মধ্যে গড়ে ওঠা ধর্মীয় সম্প্রীতির বন্ধন অটুট রয়েছে এবং যুগ যুগ ধরে তা বজায় থাকবে। বাংলাদেশের মানুষ একে অপরের ধর্মীয় উৎসব ও পার্বণে অংশগ্রহণ করে বলেও উল্লেখ করেন তিনি।

তিনি বলেন, বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের বিষয়গুলো দেখভালের জন্য এসব কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়েছে। রাজনৈতিক দল হিসেবে বিএনপি সব ধর্মের মানুষের অধিকার ও অংশগ্রহণের জায়গা নিশ্চিত করেছে বলেও মন্তব্য করেন রিজভী।

তিনি আরও বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশে সব ধর্মের মানুষের সহাবস্থান ও সমঅধিকারের এই ভিত্তি প্রতিষ্ঠা করেছিলেন।